মৌলিক কর্মসূচি সমন্বয় সভা

তারিখঃ ১৩/০৪/২০১৫ইং
স্থান ঃ নোয়াখালী আঞ্চলিক কার্যালয়,

সভাপতি ঃ তারিক সাইদ হারুন-সহকারী পরিচালক - মৌলিক কর্মসূচি
সচিব ঃ মোঃফিরোজ আলম-আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী,নোয়াখালী

অংশগ্রহণকারী ঃ সকল আরপিসি,সকল এএম,মিজানুর রহমান পিসি-উজ্জিবিত,শফি উদ্দিন পিসি-মৎস ও উন্নয়ন,মো:ফজলুল হক পিসি-সমৃদ্ধি, আবদুর রহমান ফরিদ-উর্ধতন সমন্বয়কারী মৌলিক কর্মসূচি,মাহমুদুল হাসান দিদার-প্রধান মৌলিক কর্মসূচি,সভার শুরুতে সভাপতি সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমেই সকলের মতামতের ভিত্তিতে সভার আলোচ্য বিষয় সমুহ নির্ধারণ করা হয়। সভায় নিন্মোক্ত বিষয় গুলি আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম নং	আলোচ্য বিষয় সমূহ	আলোচনা ও সিদ্ধান্ত সমূহ	বাস্তবায়ন কারী	তারিখ
০১	গতসভার কার্য্য বিবরনী পর্যালোচনা	প্রথমে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভাকার্যক্রম শুরু করেন। যে সকল শাখার টার্গেট অর্জন করতে সক্ষম হয়েছে তাদেরকে সাধুবাদ জানান,এছাড়া নির্দিষ্ট সময়ের মধ্যে দ্বিমাসিক এস,আর প্রতিবেদন ও শুন্যসহিষ্ণু রিপোর্ট সঠিক ভাবে প্রদান করার জন্য সকলকে পুনরায় সতর্ক করে দেওয়া হয়।	সংশ্লিষ্ট সকল	চলমান
০২	প্রোগ্রাম উপস্থাপন	এক এক করে কোর প্রোগ্রামের অর্ন্তভুক্ত সকল প্রোগ্রামের প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়,বিশেষ করে সমৃদ্ধি, মৎস ও উন্নয়ন,উজ্জিবিত ও ক্ষুদ্র ঋন এতে সমৃদ্ধি বর্তমানে যে ০৩ টি বিষয় শিক্ষা,স্বাস্থ,পুষ্টি সেবার আওতায় প্রত্যেককে আনার জন্য কর্মপরিকল্পনা করার উপর তাগিদ দেওয়া হয়।এছাড়া কাকড়া মোটা তাজাকরণ সহকারে শৈবাল,দধি,শুটকী বাজার জাতকরণের মাধ্যমে সাধারণ মানুষের পুষ্টি চাহিদা সেই সাথে দরিদ্র জনগুষ্টিকে আর্থিকভাবে স্বাবলম্বী করার জন্য কাজ করতে বলা হয়। উজ্জিবিত গ্রোগ্রামে টার্গেট অনুযায়ী ৫২৪ জন সদস্য এখনও পিছিয়ে আছে এপ্রিল'১৫ মাসের মধ্যে টার্গেট সম্পন্ন করার জন্য আন্তরিক হয়ে কাজ করার জন্য পিসি উজ্জিবিতকে নির্দেশনা দেওয়া হয়। এছাড়া প্রত্যেক এএম এর পারপরম্যান্স বিশ্লেষন করা হয় এতে দেখা যায় যে, চট্রগ্রাম অঞ্চলে খেলাপীর অস্বাভাবিক উর্ধ্বগতি পরিলক্ষিত হয় ও ভোলা/চরাঞ্চল কিছু এলাকায় সিডিও প্রতি সদস্য,ঋনী সদস্য নিন্মগতি পরিলক্ষিত হয় তাই সকলকে আরো আন্তরিক সেই সাথে টার্গেট নিয়ে কাজ করতে বলা হয়।	এ,এম আর,পি,সি	চলমান
০৩	পিকেএসএফ ভিজিট	আগামী অর্থাৎ এপ্রিল'১৫ মাসের চতুর্থ সপ্তাহে ভোলা/চরাঞ্চলে পিকেএসএফ ভিজিট করবে সেই লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহন করার জন্য অনুরোধ করা হয়,বিশেষ করে চেকলিষ্ট অনুযায়ী শাখার সকল তথ্য যাচাই নিশ্চিত করতে হবে,এছাড়া যে সকল সমিতি একাদিক স্পটে বসে সেইগুলিকে একত্রিকরন ও শাখার মাদার থেকে ঋন প্রাপ্তি বিতরন তথ্য/চাহিদা এগ্রলো যথাযথভাবে তৈরী করে ফাইলিং করে রাখতে হবে।	সংশ্লিষ্ট সকল	চলমান
০৪	ক্রেপ	ক্রেপের কালেকশন সন্তোষজনক না হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়, তাই নিয়মিত ক্রেপের কর্মীদের মনিটরিং সহকারে প্রতি মাসের ২ শনিবার বকেয়া আদায়ের সপ্তাহে ক্রেপের সাপোর্ট আরো জোরালো করতে হবে।	সংশ্লিষ্ট সকল	চলমান
০৫	ফান্ড ম্যানেজমেন্ট	মাদার থেকে টাকা প্রাপ্তির পর টাকার সর্বোর্চ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে,অর্থাৎ কোন অবস্থাতেই অলস টাকা রাখা যাবে না,এখন থেকে অঞ্চল ভিত্তিক যে পরিমান মাদার সার্ভিস চার্জ নির্ধারন করে দেওয়া হবে তা নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদান নিশ্চিত করতে হবে,এছাড়া কোন অবস্থাতেই সার্ভিস চাজ প্রদেয় করা যাবে না।চলতি সপ্তাহের মধ্যে ভোলা-১৫ ও নোয়াখালী-০৫ লক্ষ টাকা চট্রগ্রাম অঞ্চলে প্রদান করবে।	সংশ্লিষ্ট সকল	চলমান
০৬	বিশেষ দিনের রাইট অফ আদায়	বিশেষ দিনের রাইট অফ আদায়ে সকলকে আরো আন্তরিক হয়ে পুর্ব পরিকল্পনা অনুযায়ী কাজ করতে বলা হয়।	সংশ্লিষ্ট সকল	চলমান
০৭	ইন্টারনাল অডিট	ইন্টারনাল অডিট কর্তৃক শাখা অডিট শেষ হওয়ার পরবতী ৪৮ ঘন্টার মধ্যে অডিট এ্যাকশন প্ল্যান এলাকা ব্যবস্থাপক সংশ্লিষ্ট তত্বাবধায়ক সহকারে সহকারী পরিচালক পর্যন্ত পাঠাতে হবে,অডিটকালীন সময়ে প্রতিদিন প্রাপ্ত সমস্যা বিএম/এএম নিজ দায়িত্বে অবহিত হতে হবে,শাখায় অডিট শেষ হলে মিটিং এ অবশ্যই এএম/আরপিসি কে উপস্থিত থাকতে হবে,এছাড়া অডিটে প্রাপ্ত কোন বিষয়ে অসংঘতি/আপত্তি থাকলে তাৎক্ষনিক তা সমাদান করতে হবে বা আপত্তি আছে মর্মে স্বাক্ষর করতে হবে অন্যথায় পরবর্তীতে কোন অভিযোগ গ্রহনযোগ্য হবে না।	এএম আর,পি,সি	চলমান
০৮	মৌসুমী ঋন	ইতিমধ্যে পি,কে,এস এফ কে মৌসুমী ঋনের জন্য সর্বমোট ০৩ কোটি টাকা চাহিদা পাঠানো হয়েছে,উল্লেখিত টাকা হাতে পাওয়ার পর পরই যাতে করে বিতরন শুরু করা যায় সেই লক্ষ্যে সকলকে পুর্ব প্রস্তুতি গ্রহনের নির্দেশনা দেওয়া হয়,আলোচনা সাপেক্ষে অন্জল ভিত্তিক উল্লেখিত পরিমান টাকা প্রদানের সুপারিশ করা হয়।ভোলা মূল-১ কোটি ২০লক্ষ,চরাঞ্চল-	এএম আর,পি,সি হেড	জুন'১৫

		৪০লক্ষ,নোয়াখালী-৫০লক্ষ,চট্রগ্রাম-৩৫লক্ষ,কক্রবাজার-৫৫লক্ষ।		
০৯	এমই ঋন	বর্তমানে এমই ঋন বিতরনের ক্ষেত্রে যে নীতিমালা রয়েছে বেশীরভাগ ক্ষেত্রে তা যথাযথভাবে মানা হচ্ছেনা, বিশেষ করে প্রোফাইল সংক্রান্ত যাবতীয় তথ্য,প্রোফাইল/স্ট্যাম্প জাল স্বাক্ষর,জামিনদারের স্বাক্ষর ইত্যাদি।তাই পরবর্তীতে যে কোন এমই ঋন বিতরনের ক্ষেত্রে পুর্বেই প্রোফাইল/স্ট্যাম্প সম্পন্ন করতে হবে এছাড়া স্ট্যাম্পে একজন দ্বিতীয় জামিনদারের স্বাক্ষর নিশ্চিত করতে হবে যিনি সরাসরি ঋন দেওয়ার সময় অফিসে এসে বি,এম সামনে স্বাক্ষর নিশ্চিত করবেন।এছাড়া সভায় সকলের সন্মতিক্রমে আগামীতে ১ লক্ষ তদুর্ধ্ব ঋনের ক্ষেত্রে ব্যাংক চেক রাখার জন্য সুপারিশ করা হয়,যা পরবর্তীতে সার্কুলার সংশোধন করে পাঠানো হবে।	হেড/ সহকারী পরিচালক	এপ্রিল'১৫
১০	অটোমোশন	পিকেএসএফ এর অনুমোদিত ০৫ টি কোম্পানির মধ্যে যাচাই সাপেক্ষে ০৩ টি কোম্পানীর কাজ দেখা হয় তার মধ্যে পিসি লিংকের সফটওয়ার সহজলভ্য ও পরিকল্পনা অনুযায়ী আগামী ১০ জুলাই'১৫ ইং তারিখের মধ্যে সংস্থার প্রতিবেদন সম্পন্ন করবে মর্মে গত ২৩ ফেব্রয়ারী'১৫ পিসি লিংকের সাথে চুক্তিবদ্ধ হয়।উল্লেখ্য যে ইতিমধ্যে পাইলটিংহিসেবে নোয়াখালী অঞ্চলের ০২ টি শাখা নোয়াখালী সদর/সোনাপুর সফলতার সাথে প্রতিবেদন করে আসছে।	সংশ্লিষ্ট সকল	চলমান
১১	নতুন/সাব শাখা	ইতিমধ্যে চট্রগ্রাম অঞ্চলে ০৬ টি নতুন শাখা করা হয় ও যে সকল সাব শাখার প্রডাক্টিভিটি খুবই ধীর গতি সম্পন্ন তাই উল্লেখিত শাখায় যথাযথ কর্মপরিকল্পনা সাপেক্ষে প্রডাক্টিভিটি দ্রুত বৃদ্ধিতে কাজ করতে বলা হয়।বিশেষ করে ঢালচর শাখা মানিকার সাথে একত্রিকরনের জন্য দ্রত গতিতে কাজ সম্পন্ন করতে নির্দেশ প্রদান করা হয়।	সংশ্লিষ্ট সকল	চলমান
১২	ড্রাফটিং পলিসি মটর সাইকেল	মটর সাইকেল ব্যবহার, জমা,মালিকানা সংক্রান্ত নতুন একটি পলিসির সুপারিশ করা হয় যা পরবর্তী ০৭ কর্মদিবসের মধ্যে সকল আরপিসির সম্মতিক্রমে সংশোধিত নীতিমালা হিসেবে পাঠানো হবে।	হেড/ সহকারী পরিচালক	এপ্রিল'১৫
১৩	বুনিয়াদ ঋন(ইউপি)	বুনিয়াদ ঋনের ক্ষেত্রে পিকেএসএফ কে প্রদানকৃত সুদের পরিমান যেহেতু ১% আর সদস্য থেকে আদায় ১০% সেহেতু উক্ত ঋনে সংস্থার বড় ধরনের লভ্যাংশ রয়েছে সেই ক্ষেত্রে সদস্যাদের স্থায়িত্বের কথা বিবেচনা করে ২০০০০ টাকা পর্যন্ত বুনিয়াদ ঋন প্রদানের সুপারিশ করা হয়।	তারেক ভাই	এপ্রিল'১৫
১৪	ট্রেনিং	আগামী ১৯-২২ এপ্রিল'১৫ ইং তারিখে কক্সবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষন কেন্দ্রে Managerial leadership উপর প্রশিক্ষন রয়েছে,উক্ত প্রশিক্ষনে ক্ষুদ্র ঋনের আওতায় ০৩ জন এএম অংশগ্রহনকারীর তালিকায় রয়েছে তাহাদেরকে আগামী ১৮ এপ্রিল'১৫ রিপোর্ট করার জন্য বলা হয়।	সংশ্লিষ্ট আরপিসি	১৮ এপ্রিল'১৫
১৫	এএম/আরপিসি ফিল্ড ভিজিট	এলাকা ব্যবস্থাপক/আরপিসি শাখা পরিদর্শনে অবশ্যই অডিট রেজিস্টারে প্রাপ্ত সমস্যা লিখতে হবে,এছাড়া যে সকল ডকুমেন্টস যাচাই করা হবে তাতে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাক্তির স্বাক্ষর থাকতে হবে এএম শাখা পরিদর্শনে কমপক্ষে ০২ দিন ০২ রাত আরপিসি ০২ দিন ০১ রাত অবস্থান করতে হবে,এছাড়া পুর্বের নিয়ম অনুযায়ী প্রতি মাসে এএম ০২ টি আরপিসি ০১ টি ফরমেট অডিট সম্পন্ন করবে,তাছাড়া শাখায় short visit সংক্রান্ত ইতিমধ্যে একটি ফরমেট পাঠানো হয় যা প্রতি মাসে এএম ০২ টি আরপিসি ০২ টি প্রতিবেদন সম্পন্ন করবেন।	এএম আরপিসি	চলমান
১৬	বীমা প্রক্রিয়া	বীমা প্রক্রিয়া সংক্রান্ত নীতিমালাটি অস্পষ্ট হওয়ায় সংশোধিত নীতিমালা পাঠানোর জন্য সুপারিশ করা হয়।	তারেক ভাই	এপ্রিল'১৫
১৭	পিএফ/গ্রাচুইটি	পিএফ/গ্রাচুইটি সংক্রান্ত বর্তমানে যে নীতিমালা রয়েছে,উক্ত নীতিমালা অনুযায়ী ক্ষুদ্র ঋনের আওতাভুক্ত কর্মীরা এই সুবিদার আওতায় পড়ে না,যেহেতু ক্ষুদ্র ঋনের আওতায় অনেক পুরাতন ও নিবেদিত কর্মী রয়েছে তাহাদেরকে উক্ত সুবিধার আওতায় আনার জন্য সুপারিশ করা হয়।	তারেক ভাই	ব্যবস্থাপনার সিদ্ধান্ত
১৮	স্টাফিং	জুন'১৫ মাসে কিছু এলাকা ব্যবস্থাপক/আরপিসিদেরকে অঞ্চল ভিত্তিক বদলী করা হবে।	তারেক ভাই	জুন'১৫
২৫	বিবিধ	আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাই কে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন এবং সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি করেন।		

সভাপতি

তারিক সাইদ হারুন

সহকারী পরিচালক
মৌলিক কর্মসুচি

সচিব

মোঃফিরোজ আলম

আঞ্চলিক কর্মসুচী সমন্বয়কারী
নোয়াখালী